সমকাল

তারিখ ..06.SEP.2016.........
পৃষ্ঠা ...৪...... কলাম ২...............

# পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের স্বতন্ত্র বেতন স্কেলের প্রস্তাব

■ সমকাল প্রতিবেদক

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের স্বতন্ত্র বেতন স্কেল দিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কাছে প্রস্তাব করেছেন উপাচার্যরা। গতকাল সোমবার শিক্ষামন্ত্রীর সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎকালে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের পক্ষ থেকে এ প্রস্তাব তুলে ধরা হয়। একইসঙ্গে নতুন জাতীয় বেতন স্কেলে সিলেকশন গ্রেড ও টাইম স্কেল বিলোপ করার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মান-মর্যাদা ও স্বার্থ রক্ষায় পদক্ষেপ গ্রহণের জন্য উপাচার্যরা সরকারকে ধন্যবাদ জানান।

সাক্ষাৎকালে বিশ্ববিদ্যালয় শিক্ষার মানোন্নয়নসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষের মান-মর্যাদার বিষয়েও বিভিন্ন প্রস্তাব তুলে ধরেন উপাচার্যরা। পরিষদের সভাপতি এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলাউদ্দিনের নেতৃত্বে প্রতিনিধি দলে ঢাবি, রাবি, চবি, বুয়েট, বাকৃবি, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ ৩৮টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা উপস্থিত ছিলেন।

এ সময় শিক্ষামন্ত্রী বলেন, দেশ ও জাতির উন্নয়নে শিক্ষকদের অবদান সবচেয়ে গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শিক্ষকদের মান-মর্যাদা সমুন্নত রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। এ সময় জঙ্গি তৎপরতা প্রতিরোধে যথাযথ পদক্ষেপ গ্রহণে উপাচার্যদের প্রতি আহ্বান জানান মন্ত্রী।